“Improvement of Meteorological Radar System in Dhaka and Rangpur (Revised)” (ঢাকা ও রংপুরস্থ আবহাওয়া রাডারের উন্নয়ন (১ম সংশোধিত) এর তথ্য

| | |
|---|---|
| প্রকল্পের উদ্দেশ্য | ■ ঢাকা ও রংপুরস্থ দুইটি কনভেনশনাল রাডার অত্যাধুনিক এস-ব্যান্ড ডপলার রাডার দ্বারা প্রতিস্থাপন<br>■ কক্সবাজার, খেপুপাড়া ও মৌলভীবাজরে স্থাপিত ৩টি রাডারসহ এই দুইটি রাডার অর্থাৎ ৫টি রাডারের একটি কম্পোজিট পিকচার কমন প্লাটফর্মে ঢাকাস্থ প্রধান কার্যালয়ে পাওয় যাবে।<br>■ দেশে বিভিন্ন সময়ে সংঘটিত ঘূর্ণিঝড়, কালবৈশাখী, টর্নেডো, ভারী বৃষ্টি ইত্যাদির অধিকতর সঠিক ও সময়মত আগাম পূর্বাভাস প্রদানের মাধ্যমে জানমাল রক্ষা করা ।<br>■ নিরাপদ বিমান চলাচল ব্যবস্থ জোরদারকরণে অধিকতর সঠিক ও সময়মত আগাম পূর্বাভাস প্রদান<br>■ নিরাপদ নৌযান চলাচলে সময়মত আবহাওয়া তর্কীকরণ, বুলেটিন ও সচেতনাতার ক্ষুদে বার্তা প্রদান |
| অনুমোদনের তারিখ | মূল প্রকল্প একনেক কর্তৃক ০৬ সেপ্টেম্বর ২০১৬ |
| | ১ম সংশোধনী মন্ত্রণালয় কর্তৃক ০৮ মার্চ ২০২০ |
| মেয়াদকাল | 01 জুলাই ২০১৬ - ৩০ জুন ২০২৩ |
| প্রাক্কলিত ব্যয় | টাঃ ২১২৪৯.০০ লক্ষ [জিওবি টাঃ ২৬৪৯.০০ লক্ষ (সিডি ভ্যাট ১৫০০ লক্ষ) এবং প্রকল্প সাহায্য টাঃ ১৮৬০০.০০ লক্ষ] |
| প্রকল্প এলাকা | রংপুর ও গাজীপুর (জয়দেবপুর) |

## জিওবি অংশে রংপুর সাইটে কাজসমূহ নিম্নরুপঃ

(লক্ষ টাকা)

| ক্রঃ নং | কাজের বিবরণ | টাকার পরিমাণ | বর্তমান অবস্থা |
|---|---|---|---|
| ০১ | ২ তলা পুলিশ ব্যারাক নির্মাণ | ৬৩.০০ | গণপূর্ত বিভাগের মাধ্যমে সম্পন্ন হয়েছে |
| ০২ | রাস্তাসহ সাবস্টেশন বিল্ডিং নির্মাণ | ১৮.০০ | গণপূর্ত বিভাগের মাধ্যমে সম্পন্ন হয়েছে |
| ০৩ | সাবস্টেশন স্থাপন | ৪০.০০ | গণপূর্ত বিভাগের মাধ্যমে সম্পন্ন হয়েছে |
| ০৪ | পুরাতন অফিস ভবন সংস্কার | ১২.০০ | গণপূর্ত বিভাগের মাধ্যমে সম্পন্ন হয়েছে |
| ০৫ | সীমানা প্রাচীরের উপর কাটা তারের বেড়া স্থাপন | ৩.০০ | গণপূর্ত বিভাগের মাধ্যমে সম্পন্ন হয়েছে |
| | মোট | ১৩৩.০০ | |

# প্রকল্প সাহায্য অংশ

- জাপানি পরামর্শক প্রতিষ্ঠান International Meteorological Consultant Inc. এর সাথে গত ২৯ নভেম্বর ২০১৬ তারিখে বিএমডি'র চুক্তি স্বাক্ষরিত হয়। পরামর্শক প্রতিষ্ঠান উক্ত প্রকল্পের আওতায় নির্মিতব্য রাডার টাওয়ার ও রাডার সিস্টেম স্থাপনের টেন্ডার কার্যক্রমের প্রস্তুতি গ্রহণ করে। কিন্তু ০১ জুলাই ২০১৬ তারিখে গুলশানের হলি আর্টিজেন জঙ্গি হামলার ঘটনায় জাপানি নাগরিক নিহত হওয়ার কারণে জাইকা হতে বাংলাদেশে বাস্তবায়িত জাপানি প্রকল্পের কাজ সাময়িকভাবে স্থগিত করা হয়েছিল।

- পরবর্তীতে বিভিন্ন প্রকল্পে জাপানীদের বাংলাদেশ আগমন পুনরায় শুরু হলে জাপানি পরামর্শক জাপানি পত্রিকা The Japan News ১৫ নভেম্বর ২০১৭ তারিখে রাডার টাওয়ার ও রাডার সিস্টেম স্থাপনের প্রিকোয়ালিফিকেশন নোটিশ আহবান করে (কপি সংযুক্ত)। কিন্তু কোন দরপত্র দাতা আগ্রহ প্রকাশ না করায় কোন অগ্রগতি হয়নি।

- জাইকা ও বাংলাদেশ সরকারের মধ্যে স্বাক্ষরিত অনুদান চুক্তি এবং বিনিময় নোটের মেয়াদ যথাক্রমে ৩০ এপ্রিল ২০২৪ এবং ৩০ এপ্রিল ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

- সর্বশেষ রাডার টাওয়ার নির্মাণ ও রাডার সিস্টেম স্থাপন কাজের জন্য জাপানে ফেব্রুয়ারি ২০১৯ তে আহ্বানকৃত দরপত্রের সফল দরদাতা "The Consortium of Marubeni Prothechs Corporation and Shimizu Corporation" এবং বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এর মধ্যে গত ২১ ফেব্রুয়ারি ২০২০ তারিখে জাপানে চুক্তি স্বাক্ষর হয়েছে। ০৫ এপ্রিল ২০২০ তারিখে জাপানী পরামর্শক, কন্ট্রাকটর ও বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এর মধ্যে Kick Off Meeting এর মাধ্যমে জয়দেবপুরে রাডার টাওয়ার নির্মাণ কাজ শুরু করার কথা ছিল। কিন্তু বিশ্বব্যাপী কোরনা ভাইরাস পরিস্থিতির কারণে সে সময়ে কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি।

- গাজীপুর জেলার জয়দেবপুর প্রকল্প সাইটে রাডার টাওয়ার নির্মাণের পূর্ব প্রস্তুতিমূলক কার্যক্রম জাপানি ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক ০১ ফেব্রুয়ারি ২০২১ তারিখে শুরু হয়েছে। অস্থায়ী শেড ভেঙ্গে অপসারণ করাসহ সাইট ক্লিয়ারিং ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। মেটেরিয়াল মোবিলাইজেশন শুরু করে। কোরনা পরিস্থিতির কারণে আপাতত কাজ বন্ধ আছে। সাইটের নিরাপত্তা নিশ্চিত করনে আনসার নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। আশা করা যাচ্ছে যে জুলাই ১৫, ২০২১ থেকে পুনরায় কাজ শুরু হবে।

- জাপানীদের কর্ম পরিকল্পনা অনুযায়ী কাজ শুরু পর জয়দেবপুরে রাডার টাওয়ার নির্মাণ ও রাডার স্থাপন সম্পন্ন হতে ১৮ মাস সময় প্রয়োজন। সে বিবেচনায় আশা করা যাই যে, আগামী ২০২২ সালের শেষ দিকে রংপুর প্রকল্প সাইটে রাডার টাওয়ার নির্মাণ কাজ শুরু হবে।